দৈনিক খবর

তারিখ ... 08 JUL 1991
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ২ ...

২৪

৩৭

## কুমিল্লা শিক্ষা বোর্ড

# প্রশ্নপত্র ফাঁস ।। ইংরেজী ও গণিত পরীক্ষা বাতিল

বাসস জানায়ঃ কুমিল্লা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের অধীনে এসএসসি পরীক্ষার ইংরেজী উভয় পত্র ও সাধারণ গণিত বিষয়ে পরীক্ষা বাতিল করা হয়েছে। প্রশ্নপত্র ফাঁস হওয়ার কারণে এ পরীক্ষা বাতিল করা হয়।

পরীক্ষা অনুষ্ঠানের নতুন তারিখ পরে জানানো হবে।

আগামীতে কোন প্রশ্নপত্র ফাঁস হলে সে বিষয়ের পরীক্ষাও বাতিল করে দেয়া হবে।

চাঁদপুর থেকে খবর-এর নিজস্ব সংবাদদাতা জানান, কুমিল্লা শিক্ষা বোর্ডের এসএসসি সাধারণ গণিত পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস হয়ে গেছে। শনিবার গভীর রাতে চাঁদপুর-ফরিদগঞ্জ ও মতলব কেন্দ্র এলাকায় দু'শ থেকে তিনশ' টাকার বিনিময়ে যে প্রশ্নপত্র বিক্রি হয়, আজ অনুষ্ঠিত পরীক্ষার প্রশ্নের সাথে তার হুবহু মিল রয়েছে।

এর আগে ইংরেজী প্রথম ও দ্বিতীয় পত্রের প্রশ্নপত্র ফাঁস হয়ে যায়। এই খবর প্রতিনিধি শনিবার রাত সাড়ে ১১টায় অংক প্রশ্নপত্রের কপি হাতে পেয়ে জেলা প্রশাসনকে অবহিত করেন। রোববার সকালে পরীক্ষা শুরুর আগে জেলা প্রশাসক জানান, ফাঁস হওয়া প্রশ্ন মিলে গেলেও বোর্ডের সিদ্ধান্ত অনুযায়ী পরীক্ষা যথারীতি চলবে। পরে এ ব্যাপারে সিদ্ধান্ত নেয়া হবে। কুমিল্লা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান জানান, কোথা থেকে প্রশ্নপত্র ফাঁস

৪-এর পাতায় দেখুন

## প্রশ্নপত্র ফাঁস

প্রথম পৃষ্ঠার পর

হচ্ছে তা উদঘাটন করা যাচ্ছে না।

এদিকে আগামী ৯ই জুলাই অনুষ্ঠেয় বিজ্ঞান পরীক্ষার প্রশ্নপত্রও ফাঁস হওয়ার গুজব শোনা যাচ্ছে। ফলে সাধারণ পরীক্ষার্থীরা দ্বিধা-দ্বন্দ্বে ভুগছে।

আজ পরীক্ষায় অসদুপায় অবলম্বনের দায়ে চাঁদপুরের ৭টি কেন্দ্র থেকে ৪১ জনকে বহিষ্কার করা হয়েছে।